# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪৫]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ، قال: حَدَّثَنِي عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، قال: حَدَّثَنِي سَعِيدُ بْنُ عُبَيْدٍ الْهُنَائِيُّ، قال: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ شَقِيقٍ، قال: حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَازِلًا بَيْنَ ضَجْنَانَ وَ عُسْفَانَ مُحَاصِرَ الْمُشْرِكِينَ، فَقَالَ الْمُشْرِكُونَ: إِنَّ لِهَؤُلَاءِ صَلَاةً هِيَ أَحَبُّ إِلَيْهِمْ مِنْ أَبْنَائِهِمْ وَأَبْكَارِهِمْ أَجْمِعُوا أَمْرَكُمْ ثُمَّ مِيلُوا عَلَيْهِمْ مَيْلَةً وَاحِدَةً، فَجَاءَ جِبْرِيلُ عَلَيْهِ السَّلَام فَأَمَرَهُ أَنْ يَقْسِمَ أَصْحَابَهُ نِصْفَيْنِ فَيُصَلِّيَ بِطَائِفَةٍ مِنْهُمْ وَطَائِفَةٌ مُقْبِلُونَ عَلَى عَدُوِّهِمْ قَدْ أَخَذُوا حِذْرَهُمْ وَأَسْلِحَتَهُمْ، فَيُصَلِّيَ بِهِمْ رَكْعَةً ثُمَّ يَتَأَخَّرَ هَؤُلَاءِ وَيَتَقَدَّمَ أُولَئِكَ فَيُصَلِّيَ بِهِمْ رَكْعَةً تَكُونُ لَهُمْ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً رَكْعَةً، وَلِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَانِ .

تخريج دارالدعوه: سنن الترمذى/تفسير النساء (٣٠٣٥)، (تحفة الأشراف: ١٣٥٦٦)، مسند احمد ٢/٥٢٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1545 ـ صحيح

বাংলা

১৫৪৪. 'আব্বাস ইবনু 'আবদুল আযীম (রহ.) ..... আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) মুশরিকদের অবরোধ করে যজনান পর্বত এবং ‘উসফান নামক স্থানের মাঝামাঝি স্থানে অবস্থান করেছিলেন। তখন মুশরিকরা বলল যে, তাদের জন্যে এমন একটি সালাত (আসর) রয়েছে, যা তাদের কাছে তাঁদের সন্তান-সন্ততি এবং কুমারী স্ত্রী হতেও বেশি প্রিয়। তোমরা দৃঢ় সিদ্ধান্ত নাও। অতঃপর তাদের ওপর একযোগে ঝাপিয়ে পড়বে। তখন জিবরীল আলায়হিস সালাম এসে তাকে বললেন তিনি যেন তার সাহাবীদের দু' দলে বিভক্ত করে দেন এবং তাদের একদলকে নিয়ে সালাত আদায় করেন ও আর একদল যেন তাদের শত্রুর মুখোমুখি থাকে, তাঁরা সতর্ক ও সশস্ত্র থাকবে। আর তিনি তাঁদের (একদল) নিয়ে এক রাকআত সালাত আদায় করবেন। অতঃপর

তারা পেছনে সরে যাবে এবং তারা (অন্য দল) সামনে আসবে এবং তাদের নিয়ে তিনি এক রাকআত সালাত আদায় করবেন। তাদের জন্যে হবে এক এক রাক’আত করে। আর নবী (সা.) -এর হবে দু' রাকআত।

## English

Abu Hurairah said: The Messenger of Allah (ﷺ) was camping between Dajnan and 'Usfan, besieging the idolaters. The idolaters said: 'These people have a prayer that is dearer to them than their sons and daughters. Plan it, then strike them with a single heavy blow.' Jibril, peace be upon him, came and told the Messenger of Allah (ﷺ) to divide his companions into two groups, then lead one group in prayer while the others faced the enemy, on guard and with weapons at the ready. So he led them in praying one rak'ah, then they moved back and the others moved forward, and he led them in praying on rak'ah, so that each one of them had prayed one rak'ah with the Prophet (ﷺ) and the Prophet (ﷺ) had prayed two rak'ahs.

### ফুটনোট

সহীহ: তিরমিযী ৩০৩৫, মুসনাদে আহমাদ ১০৭৭৫, সহীহ আবু দাউদ ১১৩০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90040

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন